

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ফাজিল কামিল মাদ্রাসা নিয়ন্ত্রণের বিরোধিতা

স্টাফ রিপোর্টার ॥ কুষ্টিয়ায় অবস্থিত ইসলামী বিশ্ববিদ্যালয় দেশের ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহ নিয়ন্ত্রণ করবে। এসব মাদ্রাসার এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় হিসাবে শিক্ষা মন্ত্রণালয় ইসলামী বিশ্ববিদ্যালয়ের নাম প্রস্তাব করায় তীব্র প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়া। সংগঠনের এক বিবৃতিতে ফাজিল ও কামিল মাদ্রাসা নিয়ন্ত্রণের জন্য ঢাকায় নতুন একটি এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি জানানো হয়। এতে আরও বলা হয়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল ও কামিল মাদ্রাসা পরিচালিত করার প্রস্তাব স্ববিরোধী, অবিবেচনাপ্রসূত এবং বিমাতাসুলভ। এটিকে মহলবিশেষের ষড়যন্ত্র বলে আখ্যা দেয়া হয়। সংগঠনের সভাপতি মুহাম্মদ ওয়ালী উল্লাহ এবং প্রধান সম্পাদক মুহাম্মদ মুহিবুল্লাহ ভূঞা এই বিবৃতি দেন। তারা বলেন, ঢাকায় একটি এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় হলে সেটি ধীরে ধীরে নিজের অর্থে পরিচালিত হবে এবং এজন্য সরকারের কোন খরচ হবে না।